যুগান্তর

2 5 OCT 2017

### এইচএসসির খাতা মূল্যায়নে ভুল

# ৫৭ পরীক্ষককে ঢাকা বোর্ডের শোকজ

**যুগান্তর রিপোর্ট**

এইচএসসি পরীক্ষার খাতা মূল্যায়নে বড় ধরনের ভুল করার দায়ে ৫৭ পরীক্ষককে শোকজ নোটিশ দিয়েছে ঢাকা শিক্ষা বোর্ড। মঙ্গলবার দেয়া ওই নোটিশের জবাব আগামী ৭ দিনের মধ্যে দাখিল করতে বলা হয়েছে।

বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক তপন কুমার সরকার যুগান্তরকে বলেন, শোকজপ্রাপ্ত পরীক্ষকরা সর্বনিম্ন চারটি এবং সর্বোচ্চ এক ডজন পর্যন্ত ভুল করেছেন। আমরা তিনটি পর্যন্ত সাধারণ ভুলকারী শিক্ষককে মাফ করেছি। কিন্তু চারটির বেশি যাদের ভুল তা ছিল মারাত্মক। বিষয়টি উত্তরপত্র পুনঃনিরীক্ষাকালে প্রমাণিত হয়েছে। তিনি জানান, পুনঃনিরীক্ষাকালেও ৬ জন শিক্ষক ভুল করেছেন। পুনঃনিরীক্ষায় সাধারণত খাতা মূল্যায়ন করতে হয় না। কিন্তু কেউ কেউ তা করেছেন। এছাড়া নিরীক্ষা কাজেও এরা ভুল করেছেন। পরীক্ষা নিয়ন্ত্রক বলেন, খাতা মূল্যায়নের মতো গুরুত্বপূর্ণ কাজে এসব ভুলকে দায়িত্ব অবহেলা হিসেবে দেখা হচ্ছে। ইতিপূর্বে এ ধরনের ভুলের জন্য ভবিষ্যতে দায়িত্ব থেকে অব্যাহতি এবং কালো তালিকাভুক্ত করা হয়েছে। এবার এছাড়া আরও কোনো ব্যবস্থা নেয়া হবে কিনা— তা শোকজের জবাব পাওয়ার পর নির্ধারণ করা হবে।